

**সিসিএনএফ মাসিক সভার কার্যবিবরণী, ডিসেম্বর ২০২০ খ্রি:**

সভার তারিখ: ২৬-১২-২০২০খ্রি: সময়: ১১.৩০টা হতে ১.০০টা

২৬-১২-২০২০খ্রি: কক্সবাজার সিভিল সোসাইটি এনজিও ফোরাম (সিসিএনএফ) এর একটি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। শোলটি এনজিও এই সভায় অংশগ্রহণ করেন। উক্ত সভাটি সঞ্চালনা করেন সিসিএনএফ এর কো-চেয়ার এবং কোস্ট ট্রাস্টের নির্বাহী পরিচালক জনাব, রেজাউল করিম চৌধুরী। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কো-চেয়ারদ্বয় জনাব, আবু মোর্শেদ চৌধুরী এবং বিমল চন্দ্র দে।

**সভার গুরুত্বপূর্ণ আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ:**

১. জানুয়ারী ২০২১ সাল হতে সিসিএনএফ এর সভা হবে মাসের শেষ সপ্তাহের শনিবারে।
২. কো-চেয়ার আবু মোর্শেদ চৌধুরী জেআরপি ড্রাপট সকল সদস্যদের কাছে পাঠাবেন ২৮-১২-২০২০খ্রি: এর মধ্যে।
৩. কো-চেয়ার আবু মোর্শেদ চৌধুরী জেআরপি সভায় যোগ দিয়ে কিছু প্রস্তাবনা দিয়েছেন যা নিম্নরূপ:
  ১. সরকারের কন্ট্রিবিউশান জেআরপিতে অন্তর্ভুক্ত করতে হবে।
  ২. জেআরপিকে আরো সহজ করতে হবে।
  ৩. জেআরপি নিয়ে স্থানীয় সরকারের সাথে আলোচনা করতে হবে।
  ৪. তহবিলের স্বচ্ছতা নিশ্চিত
  ৫. ২৫% তহবিল নিশ্চিত এবং গুরুত্ব প্রদান
  ৬. পরিবেশ সুরক্ষা এবং পানির স্তরের নিম্নগামীতার উপর গুরুত্ব দিতে হবে।
৪. হেড অব সাব হিসেবে অনেকের এখন বদলীর সময় হয়েছে নতুন হেড অব সাব আসলে সিসিএনএফ একটি সভার আয়োজন করবে যার ফলে অনেক ভুল বোঝাবুঝির অবসান হবে বলে উপস্থিত সকলে মত প্রকাশ করেছেন।
৫. শরণার্থী ট্রাণ ও প্রত্যাবাসন কশিনারের কার্যালয় হতে রোহিঙ্গা স্বেচ্ছাসেবীদের একটি তালিকা চাওয়া হয়েছে কিন্তু অপরদিকে ইউএন তালিকা প্রেরনের ক্ষেত্রে সময় নেওয়ার কথা বলেন। যেহেতু সিসিএনএফ এর সকল সদস্য বাংলাদেশী এনজিও তাই সিসিএনএফ এর সকল সদস্য বাংলাদেশ সরকারকে তথ্য দিয়ে সহায়তা করতে বাধ্য। সময়সীমার মধ্যে সদস্যগণ তথ্য প্রেরণ করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
৬. চেকপোস্ট গুলোতে নারী সহকর্মীদের চেক করার সময় সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থা গুলো হতে আরো আন্তরিক সহযোগিতা কামনা করা হয়েছে। তবে সংশ্লিষ্ট এনজিও নারী কর্মীদেরকে ও আইন প্রয়োগকারী সংস্থাকে আন্তরিকভাবে সহায়তা করার অনুরোধ করা হয়েছে। নারী পুলিশদেরকে জিভিবি এর উপর একটি প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য সেক্টরকে অনুরোধ করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
৭. বাইরের কোন সভায় এককভাবে সিসিএনএফকে কোড করা যাবে না। সিসিএনএফকে কিংবা সিসিএনএফ কোন বিষয়ে কোড করতে হলে সভায় আলোচনা করে সিদ্ধান্ত নিতে হবে।
৮. সংশ্লিষ্ট এনজিও এর ছাড়পত্র ছাড়া কোন কর্মীকে নিয়োগ দেওয়া যাবে না। এই বিষয়ে সিসিএনএফ উপস্থিত সদস্যরা একমত পোষণ করেছেন।
৯. সিসিএনএফ এর মেম্বারশীপ ফরমেট সিসিএনএফ সদস্য সচিব সকল সদস্যদের ইমেইলে প্রেরণ করবেন ৩০ ডিসেম্বর ২০২০ এর মধ্যে।
১০. সিসিএনএফ ২০২১ সালের কাজের জন্য একটি ক্যালেন্ডার তৈরী করবেন। কাজ তৈরীর জন্য একটি কোর কমিটি গঠিত হবে। উক্ত কমিটি ০৯ জানুয়ারী একটি সভায় বসে ২০২১ সালের কাজ ঠিক করবেন এবং জানুয়ারীর শেষ সপ্তাহের সভায় কাজ গুলো উপস্থাপন করবেন।
১১. সিসিএনএফ এই পর্যন্ত যে সকল কাজ গুলো করেছে তার উপর একটি পুস্তিকা তৈরীর সিদ্ধান্ত গ্রহণ করেছে।
১২. জেলা প্রশাসনে প্রত্যয়ন পাওয়ার ক্ষেত্রে জটিলতা দেখা যাচ্ছে। সিসিএনএফ এর একটি টিম ২০ জানুয়ারী ২০২১ এর মধ্যে জেলা প্রশাসক মহোদয়ের সাথে সাক্ষাত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

১৩. নতুন জেলা প্রশাসক এবং আরআরসি মহোদয়ের সাথে সিসিএনএফ এর একটি টিম সাক্ষাত করে সিসিএনএফ এর কার্যক্রম এবং পরিকল্পনা সম্পর্কে ধারণা দিবেন ৩০ জানুয়ারী ২০২১ এর মধ্যে।
১৪. ৩০ জানুয়ারী ২০২১ এর মধ্যে সিসিএনএফ সদস্য সচিব কো-চেয়ারদের সাথে আলোচনা করে একটি ব্যংক হিসাব খোলার উদ্যোগ গ্রহন করবেন।

আর কোন আলোচনা না থাকায় মডারেটর উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি করেন।

#### **ধন্যবাদান্তে**

জাহাঙ্গীর আলম  
সদস্য সচিব-সিসিএনএফ।